


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা

দূরালাপনী : অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



কোটায় ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স শ্রেণীর ভর্তির বিজ্ঞপ্তি

০১। কোটায় মনোনীতদের ভর্তির তারিখঃ

বিষয়ের নাম	ভর্তির তারিখ
ইংরেজি, সমাজবিজ্ঞান, ফিন্যান্স, রসায়ন, পদার্থবিদ্যা, প্রাণিবিদ্যা ও গণিত	২০.১২.২০১৫

- ০২। ভর্তি কমিটি মনোনীত প্রার্থীর কাগজপত্র যথাযথ মনে করলে বিধি অনুযায়ী কোটায় ভর্তির অনুমতির ব্যবস্থা করবেন।
- ০৩। বিষয়ভিত্তিক কোটায় ভর্তির জন্য মনোনয়ন প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি কমিটির অনুমোদন সাপেক্ষে ভর্তি পরীক্ষার রোল ও পিন নম্বর ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd/admissions থেকে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। ভর্তি ফরম ফটোকপি করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছাত্র-ছাত্রীকে বিভাগ হতে সেমিনার ফিস বাবদ প্রয়োজনীয় টাকা পরিশোধ পূর্বক সেমিনার রশিদ গ্রহণ করতে হবে। ভর্তির আবেদন ফরমে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে ভর্তির ফি কলেজ অফিসে (প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টারে) জমা দিয়ে ভর্তি হতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে। মন্ত্রণালয়ে যাচাইয়ের জন্য কোটার সকল প্রমাণপত্র অতিরিক্ত ১ সেট ফটোকপি ভর্তি শাখায় জমা দিতে হবে।
- ০৪। ছাত্র-ছাত্রীকে ভর্তির সময় এস. এস. সি ও এইচ. এস. সি পাসের মূল নম্বর ফর্দ আনতে হবে। মূল নম্বর ফর্দ ছাড়া ভর্তি করা হবে না সংশ্লিষ্ট বিভাগে এইচ. এস. সি পাসের মূল নম্বর ফর্দ জমা রাখতে হবে।
- ০৫। কোটায় মনোনীত মুক্তিযোদ্ধার সন্তান/ নাতী/ নাতনীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র এবং আদিবাসি ও দৃষ্টি প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ সমাজ সেবা অফিসার কর্তৃক ইস্যু মূল সনদপত্র ভর্তি কমিটির নিকট উপস্থাপন করতে হবে।
- ০৬। মুক্তিযোদ্ধার সন্তান/ নাতী/ নাতনীদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনারের নিকট থেকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাগরিক সনদ ও ওয়ারিশ কায়ম সনদপত্র আনতে হবে।
- ০৭। মনোনীত শিক্ষার্থী এ কলেজে অথবা অন্য কোন কলেজে অনার্স অথবা ডিগ্রী (পাস) কোর্সে ভর্তি থাকলে ভর্তি বাতিল করে মূল নম্বর ফর্দ আনতে হবে।
- ০৮। ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সংগে আনতে হবে এবং ভর্তির সময় প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ০৯। ছাত্র-ছাত্রীকে এস. এস. সি ও এইচ. এস. সি. পাসের মূল নম্বর ফর্দ ও প্রশংসাপত্র এর সত্যায়িত ফটোকপি এবং সেমিনার রসিদ ফটোকপি করতে হবে। আবেদন ফরমের ১ সেট বিভাগে এবং মূল ভর্তি ফরমের সাথে ১ সেট কলেজ অফিসে জমা দিয়ে নির্ধারিত ফিস প্রদান করেই ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।
- ১০। কলেজ অভ্যন্তরে অবস্থিত পশ্চিম পার্শ্বে (কলেজ মসজিদের পাশে) সোনালী ব্যাংক, দৌলতপুর কলেজ রোড শাখা থেকে বেতন বই সংগ্রহ করে কলেজ অফিসে ভর্তির ফিস জমা দিতে হবে। মূল বেতন বই ছাড়া কোন বিচ্ছিন্ন পাতায় ভর্তি করা হবে না।
- ১১। ফিসাদি : মানবিক/ ব্যবসায় শিক্ষা = ২,৬৯০/- মাত্র (সেমিনার ফিস বাদে)।
বিজ্ঞান : পদার্থ, রসায়ন, গণিত, ভূগোল, মনোবিজ্ঞান, পরিসংখ্যান = ২,৮৪০/-,
উদ্ভিদ ও প্রাণিবিদ্যা = ২,৭৯০/- মাত্র (সেমিনার ফিস বাদে)।
সেমিনার ফিসঃ মানবিক/ ব্যবসায় শিক্ষা (প্রতি বর্ষের) ৪০০/- এবং বিজ্ঞান (প্রতি বর্ষের) ৫৫০/- টাকা মাত্র।

(প্রফেসর শুলশান আরা বেগম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা